দৈনিক সংবাদ

তারিখ 1 5 DEC 1986
পৃষ্ঠা 4 কলাম 1

159

# উপজেলা পরিক্রমা

## মদন

1 5 DEC 1986

॥ সংবাদদাতা ॥

নেত্রকোনা জেলা শহর থেকে ২৮ কিলোমিটার পূর্ব-দক্ষিণ কোণে মগরা নদীর মোহনায় মদন উপজেলা সদর অবস্থিত। মদন উপজেলার আয়তন ৯৯ বর্গমাইল, ইউনিয়ন ৮টি, গ্রাম ১শ' ৩১টি, পরিবারের সংখ্যা ১৯,৪৩৮টি, লোকসংখ্যা ১ লাখ ৩ হাজার ৭শ' ৭৮ জন। তার মধ্যে পুরুষ ৫২,৯৫৭ জন ও মহিলা ৫০,৮২১ জন। অধিবাসীন্দের অধিকাংশই মুসলমান।

**কৃষি**

উপজেলার অধিকাংশ লোকজনই কৃষির উপর নির্ভরশীল। মদন উপজেলায় জমির পরিমাণ ৪৭,২৫৪ একর। এক ফসলী জমির পরিমাণ ২৭,৯৬৪ একর। তিন ফসলী জমি ৮শ' ৪০ একর, সেচ জমির পরিমাণ ২৩,৬৪৩ একর। গভীর নলকূপ ৯টি, অগভীর ১৪০টি, পাওয়ার পাম্প ২৯৮টি।

**চিকিৎসা**

মদন উপজেলায় একটি হেলথ কমপ্লেক্স ও ১টি দাতব্য চিকিৎসালয় ও দু'টি পরিবার পরিকল্পনা ক্লিনিক রয়েছে। এগুলোতে আবশ্যকীয় ওষুধ ও যন্ত্রপাতির তীব্র সংকট রয়েছে।

**শিক্ষা**

মদন উপজেলায় শিক্ষার হার মাত্র ১৮%। এ উপজেলায় শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে উচ্চ বালক বিদ্যালয় ৪টি, উচ্চ বালিকা বিদ্যালয় ১টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৪টি, সরকারী প্রাথমিক বিদ্যালয় ৪২টি, বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ১২টি, মাদ্রাসা ৫টি। এ উপজেলায় কোন কলেজ নেই। তবে অর্থনৈতিক সংকটের জন্য একটি কলেজ নির্মাণাধীন রয়েছে।

**যোগাযোগ ও বিদ্যুৎ**

মদন উপজেলায় সড়ক যোগাযোগ নেই বললেই চলে। এ উপজেলায় এখন পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করা হয়নি। পায়ে হাঁটা ছাড়া আর কোন যাতায়াতের ব্যবস্থা নেই।

**সমস্যা**

মদন উপজেলার সমস্যার অন্ত নেই। যাতায়াত, শিক্ষা, কৃষি, চিকিৎসা, হাট-বাজার, বিদ্যুৎ ব্যবস্থা সব কিছুতেই এ উপজেলা অনেক পিছনে রয়েছে।